শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৪.১৯-৪২৬

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৬ ব.
২০ আগস্ট ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৪৩০৫/২০১৯ | জনাব আবুল বাসার মো: শামসুল আলম, সুপার (সাময়িক বরখাস্তকৃত), পূর্ব দীরাশ্রম ড. বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | গাজীপুর জেলার সদর উপজেলাধীন পূর্ব ধীরাশ্রম ড. বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার হিসেবে দায়িত্ব পালন অবস্থায় ২০১৫ সালে নিয়োগ বিজ্ঞপ্তি দেখিয়ে ২০১৭ সালে অবৈধভাবে ০৪ (চার) জন শিক্ষক নিয়োগ সংক্রান্ত অনিয়মের অভিযোগে সুপার. জনাব এবিএম শামসুল আলম-কে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে উক্ত অভিযোগে কেন স্থায়ীভাবে বরখাস্ত করা হবেনা সে মর্মে তৃতীয়/চুড়ান্তভাবে বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক কারণ দর্শানো হয়। উক্ত সাময়িক বরখাস্তের আদেশ (৬০ দিনের বেশী হওয়ায়) প্রত্যাহারের জন্য ২০/১/২০১৯ তারিখে ডিজি, ডিএমই বরাবর আবেদন করেন।<br>উক্ত আবেদনের আলোকে প্রতিকার চেয়ে এবং বর্ণিত কারণ দর্শানো পত্রের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব আবুল বাসার মো: শামসুল আলম, সুপার (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৩/০৪/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ২০/১/২০১৯ তারিখে (Annexure-G মূলে) দাখিলকৃত আবেদনটি যৌক্তিক সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে ব্যর্থ হওয়াকে কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ২১/০৫/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ২০/১/২০১৯ তারিখে (Annexure-G মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ২ নং প্রতিপক্ষ (ডিজি, ডিএমই) -কে নির্দেশনা দিয়ে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে তথা Annexure-G মূলে দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তিপূর্বক রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামালার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৯/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx